



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১০৫০৩০১/ ৪৫/২/চট্টগ্রাম-২৯১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
১৫ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসার সুপার জনাব মীর রাহমাতুল্লাহকে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে**

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/৩৮/৪/চট্টগ্রাম-২৯১; তারিখ: ২৩.১১.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মীর রাহমাতুল্লাহ এডহক কমিটির সভাপতি বেলাল উদ্দিনের বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় কোন প্রকার কারণ দর্শানোর নোটিশ প্রদান ব্যতীরেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ এর অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সাময়িক বরখাস্তকৃত সুপার, ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে আগামী ০৭.১২.২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ৯.৩০ মিনিটে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করার জন্য সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার, সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মীর রাহমাতুল্লাহ ও এডহক কমিটির সভাপতি স্ব-শরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকুরিবিধি-১৯৭৯ এর বিধি- ১৪(১) অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করায় বরখাস্তকরণ প্রক্রিয়া সঠিক হয়নি।

বর্ণিত অবস্থায় জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ এর সাময়িক বরখাস্ত বিষয়ে বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকুরিবিধি-১৯৭৯ এর বিধি- ১৪(১) অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করায় পত্র জারির পর থেকে তিনি সুপার পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৫.১২.২০২১

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. সভাপতি,

ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;

২. সুপার, (জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ),

ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;

নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১০৫০৩০১/ ৪৫/২/চট্টগ্রাম-২৯১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
১৫ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম;
৪. ভারপ্রাপ্ত সুপার, ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;
৫. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

  
২৫/১২/২১

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd